

# বনিকবাত্রা

ডিসেম্বর ২২, ২০১৮ ■ পৌষ ৮, ১৪২৫ ■ শনিবার

## ইউআইইউতে কম্পিউটার ও তথ্যপ্রযুক্তি বিষয়ক আন্তর্জাতিক সম্মেলন শুরু

নিজস্ব প্রতিবেদক ■

ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটিতে (ইউআইইউ) কম্পিউটার ও তথ্যপ্রযুক্তি বিষয়ক ২১তম আন্তর্জাতিক সম্মেলন শুরু হয়েছে। গতকাল রাজধানীতে বিশ্ববিদ্যালয়টির স্থায়ী ক্যাম্পাসে তিন দিনব্যাপী এ সম্মেলনের উদ্বোধন করা হয়।

সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান। বিশেষ অতিথি ছিলেন ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান হাসান মাহমুদ রাজা। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ইউআইইউয়ের উপাচার্য অধ্যাপক ড. চৌধুরী মোফিজুর রহমান। স্বাগত বক্তব্য দেন উপ-উপাচার্য অধ্যাপক ড. হাসনান আহমেদ। এছাড়া প্রকৌশল পেশাদারদের সংগঠন ইনস্টিটিউট অব ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিকস ইঞ্জিনিয়ার্সের (আইইইই) বাংলাদেশ সেকশনের সভাপতি অধ্যাপক সেলিয়া শাহনাজ, টেক্সাস এএন্ডএম বিশ্ববিদ্যালয়ের ডিন এবং অধ্যাপক ড. মোহাম্মদ এস আলমসহ দেশী-বিদেশী তথ্যপ্রযুক্তি বিশেষজ্ঞরা অনুষ্ঠানে বক্তব্য রাখেন।

সম্মেলনে চতুর্থ শিল্পবিপ্লবকে সামনে রেখে প্রযুক্তিগত উন্নয়ন ও চ্যালেঞ্জ মোকাবেলায় মেশিন ইন্টেলিজেন্স, নেটওয়ার্ক সিস্টেমের নিরাপত্তা, ক্লাউড, সিগনাল এবং ইমেজ প্রসেসিং, বিগ ডাটা ও স্যাটেলাইটের ব্যবহারকে কাজে লাগিয়ে ভবিষ্যৎ অর্থনীতি কীভাবে লাভবান হবে, তা নিয়ে আলোচনা করেন বক্তারা।

চলতি বছর ২১টি দেশ থেকে ৩০১টি তথ্যপ্রযুক্তি বিষয়ক গবেষণা থেকে শক্তিশালী রিভিউ কমিটির বাছাইয়ের পর মোট ৮৮টি গবেষণা আন্তর্জাতিক জার্নালে প্রকাশের জন্য চূড়ান্তভাবে গৃহীত হয়।